# যুক্তরাষ্ট্রে নেতৃস্থানীয় পেশাজীবীদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়

24শে জুন, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৩শে জুন, ২০২৩ এ ওয়াশিংটন ডিসির জন এফ কেনেডি সেন্টারে মার্কিন যুক্তরাষ্ট্রে পেশাজীবীদের এক সমাবেশে ভাষণ দেন।

২. ইউএস-ইন্ডিয়া স্ট্র্যাটেজিক পার্টনারশিপ ফোরাম (ইউএসআইএসপিএফ) এই অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেনও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

৩. প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ভারতে বর্তমানে যে গভীর রূপান্তর ঘটছে এবং বিভিন্ন ক্ষেত্রে যে অগ্রগতি হচ্ছে তা তুলে ধরেন। 'এটাই সেই মুহূর্ত' উল্লেখ করে প্রধানমন্ত্রী পেশাজীবীদের ভারতের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলার আমন্ত্রণ জানান।

৪. এই অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের প্রায় ১০০০ শীর্ষস্থানীয় পেশার মানুষ উপস্থিত ছিলেন।

**ওয়াশিংটন ডি.সি.**
**23শে জুন, 2023**